

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬৮৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - বিলম্বে আযান

بَابُ تَاخِيْرِ الْأَذَانِ

আরবী

وَعَنْ أَبِي قَتَادَةً قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِذَا أُقِيمَتِ الصَّلَاةُ فَلَا تَقُومُوا حَتَّى تَرَوْنِي قَدْ خرجت

বাংলা

৬৮৫-[৬] আবৃ কাতাদাহ্ (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন সালাতের জন্য ইকামাত(ইকামত/একামত) দেয়া হবে, তোমরা আমাকে বের হয়ে আসতে না দেখা পর্যন্ত দাঁড়াবে না। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬৩৭, মুসলিম ৬০৪, আবূ দাঊদ ৫৩৯, নাসায়ী ৬৮৭, তিরমিয়ী ৫৯২, আহমাদ ২২৫৩৩, দারেমী ১২৯৬, সহীহ আল জামি' ৩৭০; শব্দবিন্যাস মুসলিমের।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসের ভাষ্যমতে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘর হতে বের হওয়ার পূর্বে ইকামাত দেয়া হতো। তবে এ হাদীসটি মুসলিম বর্ণিত জাবির ইবনু সামুরাহ্ (রাঃ)-এর হাদীসের বিপরীত।

সে হাদীসে বলা হয়েছে নিশ্চয় বিলাল (রাঃ) ইক্বামাত দিতেন না যতক্ষণ না বের হতেন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিলাল (রাঃ) তখনই ইক্বামাত দিতেন যখন তাঁকে দেখতেন। দু' হাদীসের সমাধান হলো যে বিলাল (রাঃ) সর্বদা রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হওয়ার প্রতি লক্ষ্য রাখতেন। অধিকাংশ লোক দেখার পূর্বেই তিনি দেখতেন এবং ইক্বামাত দেয়া শুরু করতেন। অতঃপর মুসল্লীরা যখন রসূল সাল্লাল্লাহু আলাইহি



ওয়াসাল্লাম-কে দেখতেন দাঁড়াতেন আর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর স্থানে দাঁড়াবার পূর্বে কাতার সোজা করতেন।

আর আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর হাদীস মুসলিমে এ শব্দে এসেছে যে,

সালাতের জন্য ইকামাত হতো, অতঃপর আমরা দাঁড়াতাম। অতঃপর কাতার সোজা করতাম। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট আসার পূর্বে। তিনি আসতেন এবং তাঁর স্থানে দাঁড়াতেন।

সালাতের জন্য ইকামাত হতো, অতঃপর মানুষেরা তাদের কাতার সোজা করতো, অতঃপর নাবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বের হতেন। আর আবৃ দাউদ-এর বর্ণনা,

রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর জন্য ইকামাত দেয়া হতো, আর মানুষেরা নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হওয়ার পূর্বে তাদের স্থান গ্রহণ করতো। এসব হাদীস ও আবূ কাতাদার হাদীসের সমন্বয় এই যে, বৈধতার জন্য এমনটি হতো।

আর আবূ কাতাদার হাদীসের নিষেধের কারণ হলো মানুষ ইকামাত দেয়ার পর দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থাকত রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের না হওয়া সত্ত্বেও।

অতঃপর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়িয়ে থাকতে নিষেধ করলেন কোন কাজে ব্যাস্ত হওয়ায় বের হওয়া দেরী হতে পারে। তাছাড়া মানুষের ওপর অপেক্ষা করাটা কষ্টকর হবে, তাই দাঁড়িয়ে থাকতে নিষেধ করলেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন